



মুজিববর্ষ-পল্লী বিদ্যুতের সেবা বর্ষ
মুজিবর্ষেই নিশ্চিত হবে শতভাগ বিদ্যুতায়ন



বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
Bangladesh Rural Electrification Board

প্রধান প্রকৌশলী (প্রকল্প)-এর দপ্তর
সদর দপ্তর ভবন, ঢাকা-১২২৯
ফোন : + ৮৮ ০২ ৮৯০০৩১০, ৮৯০০৫১০
e-mail: cepbreb@gmail.com

স্মারক নং- ২৭.১২.০০০০.০০৮.৩১.০০১.২০/৫৮২

তারিখঃ ১১ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ।
২৫ মার্চ-২০২০ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ করোনাভাইরাস সংক্রমণের প্রেক্ষাপটে কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষা এবং নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহসহ সার্বিক বিষয়ে REB/PBS কর্তৃক গ্রহণতব্য কার্যব্যবস্থার সংযোজনী প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং- ২৭.১২.০০০০.০০৮.৩১.০০১.২০/৫৬৯; তারিখঃ ২৪/০৩/২০২০ খ্রিঃ।

সম্প্রতি করোনাভাইরাস সংক্রমণের প্রেক্ষাপটে শারীরিক সুরক্ষা নিশ্চিত করতঃ ২৬ মার্চ হতে ৪ এপ্রিল ২০২০ পর্যন্ত ছুটিকালীন সময়ে এবং পরবর্তীতে করোনাভাইরাসের দুর্যোগকালীন সময় পর্যন্ত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখাসহ সার্বিক বিষয়ে প্রয়োজ্য কার্যব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ পত্রের মাধ্যমে REB/PBS-এর কর্মকর্তা/কর্মচারীদেরকে দিক নির্দেশনা প্রদান করা হয়।

২। সূত্রস্থ উক্ত পত্রে (কপি সংযুক্ত, পরিশিষ্ট-ক) নিম্নবর্ণিত উপ-অনুচ্ছেদসমূহ সংযোজন করা হলোঃ

(ক) অনুচ্ছেদ# ৬ এর উপ-অনুচ্ছেদঃ

- (২৩) বাপবিবোর্ডের সাভার প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষার্থী হোস্টেলের ২ টি ভবনকে কোয়ারেন্টাইন সেন্টার হিসেবে প্রস্তুত করা। পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর বিষয়টি নিশ্চিত করবেন;
- (২৪) ৮০ টি পল্লী বিদ্যুৎ সমিতির ভিআইপি রেস্ট হাউজ এবং অন্যান্য রেস্ট হাউজ (যদি থাকে) গুলো কোয়ারেন্টাইন সেন্টার হিসেবে প্রস্তুত করা। সিনিয়র জিএম/ জিএম বিষয়টি নিশ্চিত করবেন;
- (২৫) বাপবিবোর্ডের এ্যাম্বুলেন্স ও ঢাকা পবিস-১ এর এ্যাম্বুলেন্স এর জালানীসহ গাড়ীচালক প্রস্তুত রাখা;
- (২৬) যানবাহন/এ্যাম্বুলেন্স দীর্ঘ সময় ব্যবহারের প্রয়োজনীয়তা বিবেচনায় এবং জালানী গ্রহণে দীর্ঘ সময়ক্ষেপণ পরিহারের স্বার্থে সকল যানবাহনের জন্য জালানী মজুদ রাখা;
- (২৭) বাপবিবোর্ডের জন্য ২০০ টি এবং প্রতি সমিতির জন্য ১০০ টি করে Personal Protective Equipment (PPE) ইতোমধ্যে সংগৃহীত হয়েছে; যা বাপবিবোর্ডে ও সমিতিসমূহে সহসা পৌঁছাবে। সেগুলো ব্যবহার করে আক্রান্ত ব্যক্তিকে উদ্ধার, চিকিৎসা কেন্দ্রে/কোয়ারেন্টাইন সেন্টারে পৌঁছানোসহ যাবতীয় পরিসেবা প্রদান করা যাবে। এ্যাম্বুলেন্সের ড্রাইভারও PPE ব্যবহার করবেন। বাপবিবোর্ডের PPE গুলো সদস্য (প্রশাসন) এর নিয়ন্ত্রণে এবং সমিতির PPE গুলো সিনিয়র জিএম/ জিএম-এর নিয়ন্ত্রণে থাকবে। এগুলো এখনই ইস্যু না করে পরিস্থিতি বিবেচনাপূর্বক ইস্যু করা বাঞ্ছনীয়;
- (২৮) PPE ব্যবহার করে REB/PBS-এর কর্মকর্তা/কর্মচারী এবং তার পরিবারের সদস্যদের যাবতীয় পরিসেবা প্রদানের জন্য সাভার প্রশিক্ষার্থী হোস্টেলে এবং ৮০ টি পবিস-এর রেস্ট হাউজে জনবল প্রস্তুত রাখতে হবে। পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর এবং সিনিয়র জিএম/ জিএম বিষয়টি নিশ্চিত করবেন;

(অঃপৃঃদ্রঃ)

✓

(পাতা-২)

- (২৯) প্রশাসনকে সহায়তা করার জন্য নিয়োজিত সেনা ক্যাম্পে যোগাযোগের নম্বর সংগ্রহ করে রাখতে হবে। কোন কর্মকর্তা/কর্মচারী কিংবা তার পরিবারের কোন সদস্য করোনাভাইরাসে সংক্রমিত হলে স্থানীয় প্রশাসন/সেনাবাহিনীর ক্যাম্প/রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (IEDCR)-কে অবহিত করারসহ REB-এর উর্জতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
- (৩০) বাপবিবোর্ডের সদর দপ্তর এবং মাঠ পর্যায়ের সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, কেন্দ্রীয় পণ্যাগার ও সিস্টেম অপারেশন ওয়ার্কসপ-এর কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষাসহ সার্বিক বিষয় মনিটরিং এর জন্য ১৬ জন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়েছে। উক্ত কর্মকর্তাগণ প্রতিদিন ২ বার (সকাল ১০:০০ ঘটিকায় ও রাত্রি ১০:০০ ঘটিকায়) যাবতীয় তথ্য স্বাস্থ্য সুরক্ষা বিষয়ক-ফোকাল পয়েন্ট কর্মকর্তা (জনাব মোঃ মুকুল হোসেন)-কে প্রদান করবেন;
- (৩১) নির্বাহী পরিচালকের তত্ত্বাবধানে ৮০ টি পবিস-এর কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষাসহ সার্বিক বিষয় মনিটরিং এর জন্য ২৬ জন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়েছে। উক্ত কর্মকর্তাগণ প্রতিদিন ২ বার (সকাল ১০:০০ ঘটিকায় ও রাত্রি ১০:০০ ঘটিকায়) যাবতীয় তথ্য স্বাস্থ্য সুরক্ষা বিষয়ক-ফোকাল পয়েন্ট কর্মকর্তা (জনাব মোঃ মুকুল হোসেন)-কে প্রদান করবেন;
- (৩২) বাপবিবোর্ড এবং পবিস-এর কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষাসহ সার্বিক বিষয়ে জনাব মোঃ মুকুল হোসেন, পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা-ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে এবং বিকল্প-ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে জনাব মোঃ আব্দুল হাই, পরিচালক, সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর বাপবিবো, ঢাকা দায়িত্ব পালন করবেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তা বাপবিবোর্ড ও পবিসসমূহের বিপরীতে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের সাথে সমন্বয়ের মাধ্যমে প্রয়োজ্য ব্যবস্থা গ্রহণ করারসহ বিদ্যুৎ বিভাগের সাথে যোগাযোগ রক্ষাপূর্বক চাহিদা মোতাবেক তথ্য সরবরাহ করবেন;
- (৩৩) কোন কর্মকর্তা/কর্মচারী করোনাভাইরাসে আক্রান্ত হলে কিংবা আক্রান্ত হবার লক্ষণ দেখা গেলে তাকে বাড়ীতে পাঠানো যাবে না। বাপবিবো/পবিস-এর ব্যবস্থাপনায় তার চিকিৎসা/কোয়ারেন্টাইনসহ যাবতীয় পরিসেবা নিশ্চিত করতে হবে;
- (৩৪) বাপবিবোর্ডের ক্রীসকপ এবং সমিতিসমূহ কর্তৃক জরুরী প্রয়োজনে ব্যবহারের জন্য নগদ টাকা মজুদ রাখতে হবে।

(খ) অনুচ্ছেদ# ৭ (ক)- এর উপ-অনুচ্ছেদঃ

- (১৯) করোনাভাইরাসের দুর্যোগকালীন সময়ে সেবা প্রদানের জন্য বিদ্যমান যাবতীয় সংস্থা/প্রতিষ্ঠানে (মোবাইল অপারেটরের BTS, হাসপাতাল, ফায়ার সার্ভিস, সেনা ক্যাম্প, কোয়ারেন্টাইন সেন্টার ইত্যাদি) নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখাসহ নতুনভাবে কোন প্রতিষ্ঠান/কোয়ারেন্টাইন সেন্টার গড়ে উঠলে সেখানে প্রয়োজনীয় লাইন নির্মাণ করে দ্রুত বিদ্যুৎ সংযোগ প্রদান ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করতে হবে;
- (২০) কোন বিতরণ ট্রান্সফরমার নষ্ট হলে সাথে সাথে তা প্রতিস্থাপন করতে হবে। অর্থ আদায়, বকেয়া আদায় ইত্যাদি কোন কারণেই বিতরণ ট্রান্সফরমার প্রতিস্থাপনে বিলম্ব করা যাবে না;
- (২১) সকল বৈদ্যুতিক কাজেই করোনা প্রতিরোধের স্বাস্থ্যবিধি প্রতিপালনসহ প্রচলিত বৈদ্যুতিক নিরাপত্তা বিধি প্রতিপালন নিশ্চিত করতে হবে;
- (২২) বাপবিবোর্ড/পবিস-এর আইডি কার্ড সকল কর্মকর্তা/কর্মচারী সবসময় সাথে রাখবেন। এছাড়া, অন্যান্য জনবলের (যেমন- উপদেষ্টা প্রতিষ্ঠানের জনবল, ঠিকাদারী প্রতিষ্ঠানের জনবল, অফিস কর্তৃক নিয়োজিত শ্রমিক/প্রশিক্ষণপ্রাপ্ত ইলেকট্রিশিয়ান/ফোরম্যান ইত্যাদি) মাধ্যমে কাজ সম্পাদনের ক্ষেত্রে আইডি কার্ডের বিকল্প হিসেবে স্থানীয় প্রশাসন/ সেনা ক্যাম্পের সাথে আলোচনার মাধ্যমে পত্র ইস্যু করা যাবে;
- (২৩) জরুরী প্রয়োজনে বৈদ্যুতিক লাইনের শাট-ডাউন প্রদান আবশ্যিক হলে স্থানীয় প্রশাসনের সাথে আলোচনার পর সংশ্লিষ্ট এলাকার গ্রাহকদেরকে অবহিতকরণের মাধ্যমে শাট-ডাউন প্রদান করা যাবে।

(অঃপূঃদ্রঃ)

(খ) অনুচ্ছেদ# ৮- এর উপ-অনুচ্ছেদঃ

- (৭) বিদ্যুৎ বিল আদায়ের জন্য কোন ধরনের চাপ দেয়া যাবে না। তবে, নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধের জন্য মাইকিং, লিফলেট বিতরণ, ডিশ চ্যানেলে স্ক্রলিং ও পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে প্রচারণা চালাতে হবে;
- (৮) বিল বকেয়ার কারণে কোন আবাসিক/ জরুরী সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা যাবে না। তবে, ক্যাম্পাসে/অফিসের নিকটে অবস্থানকারীদের মাধ্যমে বিদ্যুৎ বিল প্রস্তুতের ধারাবাহিকতা বজায় রাখা যেতে পারে;
- (৯) করোনাভাইরাসের দুর্যোগকালীন সময়ে প্রি-পেইড মিটারের গ্রাহকদের বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখার বিষয়ে সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট, বাপবিবো, ঢাকা-এর কার্যালয় হতে জারীকৃত গাইড লাইন অনুসরণ করতে হবে;

৩। এমতাবস্থায়, বর্ণিত সংযোজনীসহ সূত্রস্থ পত্রের নির্দেশনা প্রতিপালন, সকলকে অবহিতকরণ এবং নিজ নিজ অবস্থান থেকে প্রযোজ্য কার্যব্যবস্থা গ্রহণের জন্য REB/PBS-এর সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ সূত্রস্থ পত্র (পরিশিষ্ট-ক)- ৮ পৃষ্ঠা।



মেজর জেনারেল মঈন উদ্দিন (অব.)
চেয়ারম্যান

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়।)

- ১। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সদস্য (প্রশাসন/অর্থ/ বিতরণ ও পরিচালন/ পরিকল্পনা ও উন্নয়ন/ সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক-----, বাপবিবোর্ড।
- ৬। নির্বাহী প্রকৌশলী,-----কার্যালয়, বাপবিবোর্ড।
- ৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, সকল পল্লী বিদ্যুৎ সমিতি।



মুজিববর্ষ-পল্লী বিদ্যুতের সেবা বর্ষ
মুজিববর্ষেই নিশ্চিত হবে শতভাগ বিদ্যুতায়ন



বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
Bangladesh Rural Electrification Board

প্রধান প্রকৌশলী (প্রকল্প)-এর দপ্তর
সদর দপ্তর ভবন, ঢাকা-১২২৯
ফোন : + ৮৮ ০২ ৮৯০০৩১০, ৮৯০০৫১০
e-mail: cepreb@gmail.com

স্মারক নং- ২৭.১২.০০০০.০০৮.৩১.০০১.২০/ ৫৬৮

তারিখঃ ১০ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ।
২৪ মার্চ-২০২০ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ করোনাভাইরাস সংক্রমণের প্রেক্ষাপটে কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করা, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এবং ২০২০ সালের মধ্যে শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে REB/PBS কর্তৃক প্রযোজ্য কার্যব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (REB) কর্তৃক দেশের ৬১ টি জেলার ৪৬১ টি উপজেলায় ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির (PBS) মাধ্যমে ২ কোটি ৮৫ লক্ষ গ্রাহককে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত ৪১৫ টি উপজেলা ও ৪১ টি জেলা শতভাগ বিদ্যুতায়িত হয়েছে। অবশিষ্ট ৪৬ টি উপজেলা এবং ২০ টি জেলা জুন ২০২০ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে কার্যক্রম চলমান আছে। এছাড়া, পটুয়াখালী জেলার রাঙ্গাবালী উপজেলাসহ অফগ্রিডভুক্ত ১০৫৯ টি গ্রাম বিদ্যুতায়নপূর্বক REB-এর সমগ্র ভৌগোলিক এলাকা মুজিববর্ষেই শতভাগ বিদ্যুতায়নের জন্য গৃহীত কার্যক্রমও চলমান রয়েছে।

২। সম্প্রতি করোনাভাইরাস সংক্রমণের প্রেক্ষাপটে কর্মকর্তা/কর্মচারীদের শারীরিক সুরক্ষা নিশ্চিত করতঃ ২ কোটি ৮৫ লক্ষ গ্রাহককে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখা ও মুজিববর্ষে শতভাগ বিদ্যুতায়নের জন্য বিশেষ কর্মপরিকল্পনা গ্রহণের আবশ্যিকতা দেখা দিয়েছে। বিশেষতঃ ২৬ মার্চ হতে ৪ এপ্রিল ২০২০ পর্যন্ত ছুটিকালীন সময়ে এবং পরবর্তীতে করোনাভাইরাসের দুর্যোগকালীন সময় পর্যন্ত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখা একান্ত অপরিহার্য। এছাড়া, প্রশাসনকে সহায়তা করার জন্য ইতোমধ্যে নিয়োজিত সশস্ত্র বাহিনীর (In Aid of Civil Power) ক্যাম্পসমূহে অবিলম্বে লাইন নির্মাণপূর্বক নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা জরুরী হয়ে পড়েছে।

৩। এতদবিষয়ে গত ১৯/০৩/২০২০খ্রিঃ তারিখে REB-এর নির্বাহী কমিটির সভায় পর্যালোচনান্তে গত ২২/০৩/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে ৮০টি পবিস, ২৭৬ টি জোনাল অফিস, ১৪২ টি সাব-জোনাল অফিস, ১১০ টি এরিয়া অফিস ও ১০১৬ টি অভিযোগ কেন্দ্র এবং মাঠ পর্যায়ের সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলীগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। বর্তমানে বৈশ্বিক বিপর্যয় বিবেচনায় নিম্নবর্ণিত ৬টি ক্ষেত্রে গ্রহণতব্য কার্যব্যবস্থার বিষয়ে দিক নির্দেশনা প্রদান করা হলো।

৪। সাহসিকতাপূর্ণ অবিচল নেতৃত্বঃ

- নিজ নিজ অবস্থান থেকে স্থিরচিত্তে ধৈর্য, সাহসিকতা ও বুদ্ধিমত্তার সাথে উত্তম নেতৃত্ব প্রদান করা;
- সিনিয়র জিএম/জিএম এর অনুপস্থিতিতে জ্যেষ্ঠ কর্মকর্তাকে দায়িত্ব গ্রহণের জন্য প্রস্তুত রাখা;
- আলোচনার মাধ্যমে অধঃস্তনদের মনোবল সমুল্লত রাখা;
- অধীনস্ত কর্মকর্তা/কর্মচারীদের এবং তাদের পরিবারের সদস্যদের স্বাস্থ্যের খোজখবর নেয়া;
- ২ কোটি ৮৫ লক্ষ গ্রাহককে বিদ্যুৎ সরবরাহের দায়িত্বের গুরুত্ব বুঝিয়ে বলা;
- ঐক্যবদ্ধভাবে পরিস্থিতি মোকাবিলা করা;
- সর্ব অবস্থায় মহান সৃষ্টিকর্তার সাহায্য কামনা করা।

(অঃপৃঃদ্রঃ)

৫। যোগাযোগ এবং নিয়ন্ত্রণঃ

- (ক) REB-এর সদর দপ্তরে স্থাপিত “কেন্দ্রীয় নিয়ন্ত্রন সেল” সার্বক্ষণিক চালু থাকবে;
- (খ) প্রতিটি সমিতির সদর দপ্তরে স্থাপিত সমিতির “কেন্দ্রীয় নিয়ন্ত্রন সেল” একইভাবে সার্বক্ষণিক চালু থাকবে এবং REB-এর “কেন্দ্রীয় নিয়ন্ত্রন সেল”-এর সাথে যোগাযোগ (ফোন-৮৯০০৫৭৫, মোবাইল-০১৭৯২-৬২৩৪৬৭, ই-মেইলঃ brebcontrolroom@gmail.com) রাখবে;
- (গ) প্রতিটি সমিতি SMS, স্থানীয় ডিশ চ্যানেল, স্থানীয় পত্রিকার মাধ্যমে অভিযোগ কেন্দ্র-এর নম্বর গ্রাহকদের জানাবে। সমিতির হট লাইন নম্বর, অভিযোগ কেন্দ্রের মোবাইল/টেলিফোন নম্বর সমিতির নিয়ন্ত্রণ সেল-এর আওতায় থাকবে;
- (ঘ) প্রতিটি সমিতির সিনিয়র জিএম/জিএমগণ তাদের আওতাভুক্ত অফিস প্রধানদের সাথে মোবাইল/টেলিফোনে নিবিড় যোগাযোগ রাখবেন এবং সার্বিক বিষয় বাপবিবোর্ডের চেয়ারম্যান-কে জানানোসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করবেন;
- (ঙ) কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষার জন্য অনুচ্ছেদ# ৬ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা;
- (চ) গ্রাহকদের নিরবচ্ছিন্ন সরবরাহের জন্য অনুচ্ছেদ# ৭ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা;

৬। করোনাভাইরাস সংক্রমণ হতে কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষাঃ

দেশের ৬১ টি জেলার ৪৬১ টি উপজেলায় ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির মোট গ্রাহক ২ কোটি ৮৫ লক্ষ; অর্থাৎ দেশের ১২ কোটির অধিক মানুষকে REB কর্তৃক বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। বৈশ্বিক মহামারি হিসেবে আবির্ভূত করোনাভাইরাসের সংক্রমণকালে এ বিশাল জনগোষ্ঠির বিদ্যুৎ সেবা অব্যাহত রাখার স্বার্থে বাপবিবো/ পবিস-এর কর্মকর্তা/কর্মচারীদের ১০০% স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করা অপরিহার্য। সার্বিক বিষয়াদি নিশ্চিতকল্পে নিম্নবর্ণিত কার্যব্যবস্থা গ্রহণ করতে হবেঃ

- (১) করোনাভাইরাস মোকাবিলায় সঠিক জ্ঞান অর্জন করা ;
- (২) স্বাস্থ্যবিধি মেনে চলা ও প্রয়োজ্য ক্ষেত্রে চিকিৎসা গ্রহণ করা;
- (৩) গুজবে কান না দেওয়া। গুজব আতঙ্ক ছড়ায়; তাই গুজবকে প্রতিহত করাসহ সরকারি ব্যবস্থাপনার উপর আস্থা রেখে সচেতনতার সাথে দায়িত্ব পালন করা;
- (৪) প্রবাসী অধ্যুষিত এলাকায় বিশেষ সতর্কতা অবলম্বন করা;
- (৫) সকল সমাবেশ এড়িয়ে চলা;
- (৬) অপ্রয়োজনীয় ভ্রমণ, কেনাকাটা/শপিং, আড্ডা ইত্যাদি পরিহার করা;
- (৭) বরিরহাগতদের আনাগোনা বন্ধ করা;
- (৮) সামাজিক যোগাযোগের ক্ষেত্রে নিরাপদ দূরত্ব (কমপক্ষে ১ মিটার) বজায় রাখা;
- (৯) ক্যাম্পাসের মসজিদে বহিরাগতদের নামাজ আদায় বন্ধ করা; কর্মকর্তা/কর্মচারীদের নিজ বাসস্থানে নামাজ আদায় করা;
- (১০) সভা পরিহারপূর্বক ভিডিও কনফারেন্সিং/টেলিকনফারেন্সিং এর ব্যবস্থা করা। যাবতীয় যোগাযোগ মোবাইল/ টেলিফোন/ ই-মেইল/ ইন্টারকম-এর মাধ্যমে সম্পন্ন করা;
- (১১) হার্ড নথির পরিবর্তে সর্বক্ষেত্রে ই-নথি ব্যবহার করা;
- (১২) সাবান দিয়ে বার বার হাত ধোঁত করাসহ স্যানিটাইজার ও মাস্ক ব্যবহার করা;
- (১৩) একই পোষাক না ধোয়া পর্যন্ত পুণরায় পরিধান হতে বিরত থাকা;
- (১৪) গরম পানি ও সাবান দিয়ে গোসল করা;

✓

- (১৫) স্যাভলন/ব্লিচিং পাউডার মিশ্রিত পানি দিয়ে মেঝে, টেবিল, দরজার হাতল, গাড়ীর হাতল, পানির ট্যাপ ইত্যাদি পরিষ্কার করা;
- (১৬) সকল কর্মকর্তা/ কর্মচারী কর্তৃক হাত ধোয়ার পর স্যানিটাইজার ও মাস্ক ব্যবহার সাপেক্ষে অফিসে প্রবেশ নিশ্চিত করা;
- (১৭) প্রতিদিন কর্মকর্তা/কর্মচারীদের তাপমাত্রা পরীক্ষাপূর্বক রেকর্ড সংরক্ষণ করা এবং সে মোতাবেক ব্যবস্থা নেয়া;
- (১৮) বাহিরের খাবার এবং যৌথ খাবার পরিহার করা। দুপুরের খাবার ব্যতীত অফিসে অন্যান্য খাবার পরিহার করা;
- (১৯) চারপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা;
- (২০) ডেঙ্গু প্রতিরোধে এখন হতে ব্যবস্থা নেওয়া;
- (২১) করোনাভাইরাস সংক্রমণের বিষয়ে সাবধানতা অবলম্বন এবং স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি সমিতিতে সহায়তা প্রদানের জন্য বাপবিবোর্ডের পরিচালক ও তদুর্দ্ধ পর্যায়ের ১ (এক) জন করে কর্মকর্তাকে দায়িত্ব প্রদানপূর্বক সদস্য (সমিতি ব্যবস্থাপনা) কর্তৃক পৃথক দপ্তরাদেশের মাধ্যমে অবহিত করা;
- (২২) বাপবিবোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের করোনাভাইরাস সংক্রমণের বিষয়ে সাবধানতা অবলম্বন এবং স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে সদস্য (প্রশাসন) কর্তৃক পৃথক দপ্তরাদেশের মাধ্যমে অবহিত করা।

৭। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহঃ

২৬ মার্চ হতে ৪ এপ্রিল ২০২০ পর্যন্ত ছুটিকালীন সময়ে এবং পরবর্তীতে করোনাভাইরাসের দুর্যোগকালীন সময় পর্যন্ত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখাসহ প্রশাসনকে সহায়তা (In Aid of Civil Power) করার জন্য নিয়োজিত সশস্ত্র বাহিনীর ক্যাম্পসমূহে অবিলম্বে লাইন নির্মাণপূর্বক নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা জরুরী হয়ে পড়েছে। সার্বিক বিষয়াদি নিশ্চিতকল্পে নিম্নবর্ণিত কার্যব্যবস্থা গ্রহণ করতে হবেঃ

(ক) ক্ষুদ্র ক্ষুদ্র দল গঠন ও জনবল/যানবাহন মোতায়েনঃ

- (১) জরুরী এবং অত্যাবশ্যকীয় সার্ভিস হওয়ায় বাপবিবোর্ড এবং পবিস-এর কর্মকর্তা/ কর্মচারীগণ কর্তৃক কর্মস্থল (Station) ত্যাগ না করা। সকল ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তা এবং কারিগরী কার্য সম্পাদনকারী কর্মচারী/ সুপারভাইজারগণ কর্মস্থল (Station)-এ অবস্থান করবেন;
- (২) Best Practice-কে (যেমন-বুলবুল, ফণী ইত্যাদি দুর্যোগ মোকাবিলা) উদাহরণ হিসেবে গ্রহণ করা।
- (৩) অবিলম্বে অফিসভিত্তিক ক্ষুদ্র ক্ষুদ্র দল গঠন করা;
- (৪) মালামাল ও টুলসসহ কয়েকটি দল অফিসে অবস্থান করা;
- (৫) ক্ষুদ্র দলের কাজ শিফটিং সিস্টেমে (প্রতি শিফট ৮ ঘন্টা) দিনরাত পরিচালনা করা;
- (৬) দলগুলো কর্তৃক মোটর সাইকেল/পিক-আপ যোগে গমন করে দ্রুত কাজ সেরে ফিরে আসা নিশ্চিত করা;

(অঃপূঃদ্রঃ)

- (৭) Personal Protective Equipment (PPE) ব্যবহার করা;
- (৮) সাবান-স্যানিটাইজার-মাস্ক প্রদানসহ খাবার প্রদান করা;
- (৯) স্বাস্থ্যের প্রতি নজর রাখাসহ প্রয়োজনে চিকিৎসার ব্যবস্থা নেয়া;
- (১০) গ্রাহকের সাথে মোবাইলে যোগাযোগ রাখা;
- (১১) অভিযোগ দ্রুত গ্রহণ করাসহ এলাকা/লাইনভিত্তিক মনিটরিং জোরদার করা;
- (১২) ঠিকাদারের জনবল প্রস্তুত রাখা; যা তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ নির্বাহী প্রকৌশলী নিশ্চিত করবেন;
- (১৩) স্থানীয় দক্ষ শ্রমিক প্রস্তুত রাখা;
- (১৪) পবিস কর্তৃক প্রশিক্ষণ প্রদানকৃত ইলেকট্রিশিয়ান/ অন্যান্য লোকবল প্রস্তুত রাখা;
- (১৫) বাপবিবোর্ডের কেন্দ্রীয় পণ্যগারসমূহ ও সমিতির ষ্টোরসমূহ প্রস্তুত রাখা;
- (১৬) পরিবহন ঠিকাদার/ মালামাল পরিবহনের ব্যবস্থা প্রস্তুত রাখা;
- (১৭) দৈনন্দিন জীবনযাত্রা নির্বাহের জন্য মার্চ-২০২০ মাসের বেতন ২৫/৩/২০২০ খ্রিঃ তারিখে বা তৎপূর্বে প্রদান করা;
- (১৮) প্রতিটি সমিতিতে প্রয়োজন অনুযায়ী কারিগরী সহায়তা প্রদানের জন্য বাপবিবোর্ডের পরিচালক ও তদুর্ধ্ব পর্যায়ের ১ (এক) জন করে কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়েছে; যা পৃথক দপ্তরাদেশের মাধ্যমে জানানো হবে।
- (খ) সশস্ত্র বাহিনীর (In aid of Civil Power) ক্যাম্পসমূহে লাইন নির্মাণপূর্বক নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করাঃ
- (১) যাবতীয় মালামাল (পোল, তার, ট্রান্সফরমার, মিটার ইত্যাদি) সমিতি/ প্রকল্প ষ্টোর হতে প্রদান করা;
- (২) প্রকল্পের চলমান কার্যাদেশ/মিনি কার্যাদেশ/ ফোর্স কার্যাদেশ-যেভাবে দ্রুত সম্ভব সেভাবেই দ্রুত লাইন নির্মাণ ও সংযোগ প্রদানপূর্বক নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা;
- (গ) বাপবিবোর্ড সদর দপ্তরে ``কেন্দ্রীয় নিয়ন্ত্রণ সেল" গঠনঃ
- (১) বাপবিবোর্ডের কেন্দ্রীয় গ্রাহক অভিযোগ কেন্দ্রটি (টেলিফোন নম্বর- ৮৯০০৫৭৫, মোবাইল নম্বর-০১৭৯২-৬২৩৪৬৭, ই-মেইলঃ brebcontrolroom@gmail.com) নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ``কেন্দ্রীয় নিয়ন্ত্রণ সেল" হিসেবে ব্যবহৃত হবে। এটি ২৪ ঘণ্টা খোলা (সকল ছুটির দিনসহ) থাকবে।
- (২) প্রতি ৮ (আট) ঘণ্টার জন্য বাপবিবোর্ড সদর দপ্তরে কর্মরত কর্মকর্তাগণের মধ্যে হতে পর্যায়ক্রমে ০২ (দুই) জন কর্মকর্তাকে দায়িত্ব প্রদানপূর্বক সেলটির পরিচালনা নিশ্চিত করতে হবে।
- (৩) যানবাহন পুল কর্তৃক দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণের যাতায়াতের ব্যবস্থা করতে হবে।
- (৪) সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর কর্তৃক দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণের থাকা ও খাবারের ব্যবস্থা করতে হবে।
- (৫) সদস্য (পেরিকল্পনা ও উন্নয়ন) কর্তৃক ডিউটি রোস্টার প্রণয়ন ও বাস্তবায়নের কার্যব্যবস্থা নিশ্চিত করতে হবে।

কার্যপরিধিঃ

- (১) বিদ্যুৎ বিভ্রাটের বিষয়ে গ্রাহকের অভিযোগ গ্রহণ ও নিরসনে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা;
- (২) ৮০টি সমিতির সদর দপ্তর ও ২৭৬টি জোনাল অফিসের নিয়ন্ত্রণ সেল এবং ১৪২ টি সাব-জোনাল অফিস, ১১০ টি এরিয়া অফিস ও ১০১৬ টি অভিযোগ কেন্দ্র ২৪ ঘণ্টা Active থাকার বিষয়টি মনিটর করা;
- (৩) ৮০ টি পল্লী বিদ্যুৎ সমিতির বিদ্যুৎ বিভ্রাটের তথ্য নিম্নের ছকে প্রতিদিন সকাল ১০:০০ ঘটিকায় এবং রাত্রি ১০:০০ ঘটিকায় বাপবিবোর্ডের চেয়ারম্যান বরাবর SMS ও e-mail-এর মাধ্যমে প্রেরণ করাঃ

ক্রম	পবিস	সমস্যা	বিভ্রাট শুরুর সময়	বিভ্রাট নিরসনের সময়	গৃহীত কার্যব্যবস্থা
১					
২					
--					

(ঘ) ৮০ টি পবিস-এর সদর দপ্তরে পবিসভিত্তিক “ কেন্দ্রীয় নিয়ন্ত্রণ সেল” গঠনঃ

- (১) প্রতিটি পবিস-এর সদর দপ্তরে বিদ্যমান অভিযোগ কেন্দ্রটি সংশ্লিষ্ট পবিস-এর “কেন্দ্রীয় নিয়ন্ত্রণ সেল” হিসেবে ব্যবহৃত হবে;
- (২) এটি ২৪ ঘণ্টা খোলা (সকল ছুটির দিনসহ) থাকবে;
- (৩) প্রতিদিন ৩ (তিন) শিফটে সেলটি পরিচালিত হবে;
- (৪) সমিতি কর্তৃক থাকা, খাবার ও যাতায়াতের ব্যবস্থা করতে হবে;
- (৫) সমিতির সুপারভাইজার পর্যায়ের (প্রকৌশল/প্রশাসন/অর্থ ইত্যাদি সকল বিভাগ হতে পর্যায়ক্রমে) ২ জন কর্মকর্তা এবং ২ জন লাইনম্যানকে পর্যায়ক্রমে দায়িত্ব প্রদানের মাধ্যমে সেলটি পরিচালনা করতে হবে।
- (৬) সমিতির হট মোবাইল নম্বর, অভিযোগ কেন্দ্রের মোবাইল/ টেলিফোন এই সেলের নিয়ন্ত্রণে থাকবে;
- (৭) নম্বরগুলো ডিশ চ্যানেল, স্থানীয় পত্রিকা এবং SMS-এর মাধ্যমে গ্রাহককে জানাতে হবে;
- (৮) সিনিয়র জিএম/জিএম এর ব্যবস্থাপনায় ডিউটি রোস্টার প্রণয়ন ও বাস্তবায়নের কার্যব্যবস্থা নিশ্চিত করতে হবে।

কার্যপরিধিঃ

- (১) গ্রাহকের অভিযোগ গ্রহণ ও নিরসনে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা;
- (২) অধীনস্থ জোনাল অফিসের নিয়ন্ত্রণ সেল এবং সাব-জোনাল অফিস, এরিয়া অফিস ও অভিযোগ কেন্দ্রসমূহ ২৪ ঘণ্টা Active থাকার বিষয়টি মনিটর করা;
- (৩) প্রতিদিন সকাল ৯:০০ ঘটিকায় এবং রাত্রি ৯:০০ ঘটিকায় বিদ্যুৎ বিভ্রাটের তথ্য নিম্নের ছকে বাপবিবোর্ডের কেন্দ্রীয় নিয়ন্ত্রণ সেল-এ SMS/e-mail-এর মাধ্যমে প্রেরণ করাঃ

ক্রম	পবিস	সমস্যা	বিভ্রাট শুরুর সময়	বিভ্রাট নিরসনের সময়	গৃহীত কার্যব্যবস্থা
১					
২					
--					

(গ) ২৭৬ টি জোনাল অফিসে নিয়ন্ত্রণ সেল গঠনঃ

- (১) প্রতিটি জোনাল অফিসে বিদ্যমান অভিযোগ কেন্দ্রটি সংশ্লিষ্ট জোনাল অফিসের নিয়ন্ত্রণ সেল হিসেবে ব্যবহৃত হবে।
- (২) এটি ২৪ ঘন্টা খোলা (সকল ছুটির দিনসহ) থাকবে;
- (৩) প্রতিদিন ৩ (তিন) শিফটে সেলটি পরিচালিত হবে;
- (৪) সমিতি কর্তৃক খাকা, খাবার ও যাতায়াতের ব্যবস্থা করতে হবে;
- (৫) সমিতির সুপারভাইজার পর্যায়ের (প্রকৌশল/ প্রশাসন/ অর্থ ইত্যাদি সকল বিভাগ হতে পর্যায়ক্রমে) ১ জন কর্মকর্তা এবং ২ জন লাইনম্যানকে পর্যায়ক্রমে দায়িত্ব প্রদানের মাধ্যমে সেলটি পরিচালনা করতে হবে।
- (৬) অভিযোগ কেন্দ্রের মোবাইল/ টেলিফোন এই সেলের নিয়ন্ত্রণে থাকবে;
- (৭) নম্বরগুলো ডিশ চ্যানেল, স্থানীয় পত্রিকা এবং SMS-এর মাধ্যমে গ্রাহককে জানাতে হবে;
- (৮) সংশ্লিষ্ট ডিজিএম -এর ব্যবস্থাপনায় ডিউটি রোস্টার প্রণয়ন ও বাস্তবায়নের কার্যব্যবস্থা নিশ্চিত করতে হবে।

কার্যপরিধিঃ

- (১) গ্রাহকের অভিযোগ গ্রহণ ও নিরসনে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা;
- (২) অধীনস্থ সাব-জোনাল অফিস, এরিয়া অফিস ও অভিযোগ কেন্দ্রসমূহ ২৪ ঘন্টা Active থাকার বিষয়টি মনিটর করা;
- (৩) প্রতিদিন সকাল ৯:০০ ঘটিকায় এবং রাত্রি ৯:০০ ঘটিকায় বিদ্যুৎ বিভ্রাটের তথ্য পবিস সদর দপ্তরের নিয়ন্ত্রণ সেলে প্রেরণ করা।

(ঘ) ফিডার/লাইনভিত্তিক কর্মকর্তা নিয়োজিতকরণঃ

পবিস-এর প্রতিটি ফিডার/লাইনের বিপরীতে ১ জন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা রয়েছেন। ইতোমধ্যে লাইনের পরিমাণ বেড়ে যাওয়ায় এবং বর্তমান প্রেক্ষাপটে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের অপরিহার্যতা বিবেচনায় কর্মকর্তার সংখ্যা বৃদ্ধির মাধ্যমে প্রতিজন কর্মকর্তার অধীনে লাইনের পরিমাণ কমিয়ে সুনির্দিষ্ট পরিমাণ লাইনের দায়িত্ব সুনির্দিষ্ট কর্মকর্তার অধীনে ন্যাস্ত করতে হবে।

(ছ) Logistic Support:

বিদ্যুৎ বিভ্রাট হলে তা দ্রুত নিরসনের জন্য প্রতিটি নিয়ন্ত্রণ কেন্দ্রের জন্য মোটর সাইকেল, পিক-আপ ইত্যাদি যানবাহন সদা প্রস্তুত রাখতে হবে। প্রয়োজনে যানবাহন ভাড়া নিতে হবে। এছাড়া, অফিস সময় ব্যতীত অন্য সময়ে দায়িত্ব পালনকারীগণের জন্য সমিতির ব্যয়ে খাবার সরবরাহ করতে হবে।

(জ) হাতের কাছে মালামাল পৌঁছানোঃ

লাইন ও উপকেন্দ্র পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য নিত্য ব্যবহৃত মালামালের (ট্রান্সফরমার, ফিউজ লিংক, তার, সার্ভিক ড্রপ, জয়েন্ট স্লিভ, কানেক্টর, পোল ইত্যাদি) সম্ভাব্য চাহিদা বিবেচনাপূর্বক প্রয়োজনীয় পরিমাণ মালামাল আগামী ২৫/০৩/২০২০ খ্রিঃ-এর মধ্যে সকল অভিযোগ কেন্দ্রে পৌঁছাতে হবে। এছাড়া, জরুরী প্রয়োজনে মালামাল প্রদানের জন্য বাপবিবোর্ডের ৩ টি কেন্দ্রীয় পণ্যগার এবং সমিতি/প্রকল্পের সকল স্টোর খোলা রাখতে হবে।

(অঃপৃঃদ্রঃ)

২০

(ঝ) কেন্দ্রীয় “নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ কমিটি” পুণঃগঠনঃ

বাপবিবোর্ডের নির্বাহী কমিটির সিদ্ধান্ত নং- ০৫/২৪/২০১৯ এর মাধ্যমে গঠিত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সংক্রান্ত উপ-কমিটি পুণঃবিন্যাস করে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলোঃ

(ক)	সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), বাপবিবো	-আস্হায়ক
(খ)	পরিচালক, সিস্টেম অপারেশন, বাপবিবো	-সদস্য-সচিব
(গ)	পরিচালক, পবিস মঃ ও ব্যঃপঃ(কেঃঅঃ) পরিদপ্তর	-সদস্য
(ঘ)	পরিচালক, পবিস মঃ ও ব্যঃপঃ(উঃঅঃ) পরিদপ্তর	-সদস্য
(ঙ)	পরিচালক, পবিস মঃ ও ব্যঃপঃ(দঃঅঃ) পরিদপ্তর	-সদস্য
(চ)	পরিচালক, পবিস মঃ ও ব্যঃপঃ(পুঃঅঃ) পরিদপ্তর	-সদস্য
(ছ)	পরিচালক, পবিস মঃ ও ব্যঃপঃ(পঃঅঃ) পরিদপ্তর	-সদস্য
(জ)	পরিচালক, এমপিএসএস, পরিদপ্তর, বাপবিবো	-সদস্য

কার্যপরিধিঃ

- (১) গ্রাহকের অভিযোগ দ্রুত নিষ্পন্ন করাসহ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা;
- (২) বাপবিবোর্ডের কেন্দ্রীয় নিয়ন্ত্রণ সেলসহ মাঠ পর্যায়ের সকল নিয়ন্ত্রণ সেল এবং অভিযোগ কেন্দ্র মনিটরপূর্বক সার্বক্ষণিক চালু রাখা;
- (৩) বিদ্যুৎ বিভ্রাট বিষয়ক প্রতিবেদন বাপবিবোর্ডের চেয়ারম্যান বরাবর প্রেরণ করা।

৮। বিদ্যুৎ বিল প্রদান/গ্রহণঃ

- (১) বিল প্রদান ও গ্রহণ প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে;
- (২) মিটার রিডার/পিসিএমগণকে সুরক্ষা সরঞ্জাম (মাস্ক, স্যানিটাইজার, গ্লোভস ইত্যাদি) সরবরাহ করা;
- (৩) মিটার রিডিং নিতে গ্রাহক অস্বীকৃতি জানালে মোবাইলে যোগাযোগের মাধ্যমে সমাধানের চেষ্টা করা। সমাধান না হলে গড় বিল প্রদান করা;
- (৪) LPC/বিলম্ব মার্শুল আরোপ না করার বিষয়ে সরকারি সিদ্ধান্ত মেনে চলা;
- (৫) গ্রাহকের নিকটস্থ সুবিধাজনক জায়গা হতে বিভিন্ন মাধ্যমে (বিকাশ, ইউডিসি, ব্যাংক, অফিস ইত্যাদি) বিল পরিশোধের বিষয় এবং বিদ্যুৎ বিভ্রাটে অভিযোগ জানানোর জন্য সমিতির হট মোবাইল নম্বর ও বাপবিবোর্ডের কেন্দ্রীয় নিয়ন্ত্রণ সেল-এ যোগাযোগের নম্বর (টেলিফোন- ৮৯০০৫৭৫, মোবাইল- ০১৭৯২-৬২৩৪৬৭) লিফলেট বিতরণ, ডিশ চ্যানেলে স্ক্রলিং এবং স্থানীয় পত্রিকায় প্রচারনা চালানোসহ সকল গ্রাহকের মোবাইলে SMS প্রেরণ করা; সকল সিনিয়র জিএম/জিএম কর্তৃক বিষয়টি নিশ্চিতকরণের পাশাপাশি বাপবিবোর্ডের জনসংযোগ পরিদপ্তর কর্তৃক পত্রিকায় বিজ্ঞাপন প্রদান করতে হবে।
- (৬) গ্রাহকের সাথে সুসম্পর্ক বজায় রাখা।

৯। মুজিববর্ষ উপলক্ষ্যে ২০২০ সালের মধ্যে শতভাগ বিদ্যুতায়নঃ

- (১) ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিক/স্বত্বাধিকারী/প্রতিনিধির সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে ক্ষুদ্র ক্ষুদ্র দলে বিভক্ত হয়ে কাজ করা;
- (২) স্বাস্থ্যবিধি অনুসরণ ও জনসমাগম পরিহারের বিষয়টি নিশ্চিত করা;
- (৩) যথাসময়ে বিল পরিশোধ নিশ্চিত করা;
- (৪) কাজের সুপারভিশন অব্যাহত রাখাসহ মালামালে সুষ্ঠু যোগান নিশ্চিত করা;
- (৫) পটুয়াখালী, কুড়িগ্রাম-লালমনিরহাট, নোয়াখালী ও লক্ষীপুর পবিস-এর কাজে বিশেষ গুরুত্ব দেয়া;
- (৬) গ্রাহকদের অবহিত করে লাইন চালু করা;
- (৭) আতঙ্ক কাটিয়ে কর্মীদের সচেতন করার মাধ্যমে জুন ২০২০ এর মধ্যে গ্রিডভুক্ত এলাকা এবং অফগ্রিড এলাকাসহ বাপবিবোর্ডের সমগ্র ভৌগোলিক এলাকা ডিসেম্বর ২০২০ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়ন নিশ্চিত করা।

১০। এমতাবস্থায়, করোনাভাইরাসের দুর্যোগ মোকাবিলায় বর্গিত প্রতিরোধমূলক কার্যব্যবস্থা গ্রহণপূর্বক ২৬ মার্চ হতে ৪ এপ্রিল ২০২০ পর্যন্ত ছুটিকালীন সময়ে এবং পরবর্তীতে করোনাভাইরাসের দুর্যোগকালীন সময় পর্যন্ত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রেখে মুজিববর্ষে শতভাগ বিদ্যুতায়ন নিশ্চিত করার জন্য বর্গিত নির্দেশনা প্রতিপালন, সকলকে অবহিতকরণ এবং নিজ্জ নিজ্জ অবস্থান থেকে প্রযোজ্য কার্যব্যবস্থা গ্রহণের জন্য REB/PBS-এর সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

মেজর জেনারেল মঈন উদ্দিন (অব.)
চেয়ারম্যান

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়।

- ১। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সদস্য (প্রশাসন/অর্থ/ বিতরণ ও পরিচালন/ পরিকল্পনা ও উন্নয়ন/ সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক-----, বাপবিবোর্ড।
- ৬। নির্বাহী প্রকৌশলী,-----কার্যালয়, বাপবিবোর্ড।
- ৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, সকল পল্লী বিদ্যুৎ সমিতি।